2 9 MAR 1994

তারিখ ...

পৃষ্ঠা ৮ কলাম ৭

দৈনিক বাংলা

৫৮

# ছাত্রলীগের হাতে ভিসি ঘেরাও ক্যাম্পাসে ভাংচুর

স্টাফ রিপোর্টার ঃ ছাত্রলীগ (ম-ই) কর্মীরা সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদকে ক্যাম্পাসের ব্যবসা প্রশাসন ইনস্টিটিউটে প্রায় আড়াইঘণ্টা ঘেরাও করে রাখে। ভিসি সেখানে নাজমুল করিম স্মারক বক্তৃতামালা অনুষ্ঠানে যোগদান করতে সেখানেগিয়েছিলেন।

ছাত্রলীগ কর্মীরা ইনস্টিটিউটের ভাংচুর করে এবং এক পর্যায়ে কলাপসেবল গেট ভেঙ্গে ভিতরে ঢুকতে চাইলে পুলিশ তাদের বাধা দেয় এবং ভিসিকে আক্রমণের হাত থেকে রক্ষা করে। এ সময় পুলিশের সঙ্গে ছাত্রলীগ কর্মীদের ধস্তাধস্তি হয়।

ছাত্রলীগ কর্মীরা সকাল সোয়া ১০টা থেকে বেলা পৌনে একটা পর্যন্ত ভিসিকে সেখানে আটকে রাখে এবং তাকে কালো পতাকা দেখায়।

পরে স্মারক বক্তৃতামালা অনুষ্ঠানের উদ্যোক্তাদের প্রচেষ্টায় ছাত্রলীগ কর্মীরা ঘেরাও প্রত্যাহার করে।

এদিকে ডাকসু নির্বাচন অনুষ্ঠানের প্রতিবাদ, ক্যাম্পাস থেকে সন্ত্রাসীদের বিতাড়ন এবং ভিসির পদত্যাগের দাবী জানিয়ে ছাত্রলীগ গতকালও ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ ডাকসু নির্বাচন স্থগিত না করলে আজ মঙ্গলবার মনোনয়নপত্র দাখিলের দিনে বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট আহ্বান করেন।